

# মধ্যরাতে উত্তপ্ত ইডেন কলেজ

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৫ সেপ্টেম্বর ২০২২, ০২:০৮



ছবি: সংগৃহীত

বিতর্ক পিছু ছাড়ছে না রাজধানীর ইডেন মহিলা কলেজ ছাত্রলীগের। কলেজ সভাপতি তামান্না জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানার চাঁদাবাজি ও সিট বাণিজ্য নিয়ে গণমাধ্যমে সাক্ষাৎকার দেওয়ায় জান্নাতুল ফেরদৌস নামে এক ছাত্রলীগ নেত্রীকে হল থেকে মারধর করে বের করে দেওয়ার অভিযোগ উঠেছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

জানা গেছে, জান্নাতুল ফেরদৌস কলেজ শাখা ছাত্রলীগের সহসভাপতি ও বেগম রাজিয়া ছাত্রীনিবাসের আবাসিক শিক্ষার্থী। গত ২২ সেপ্টেম্বর শাখা ছাত্রলীগ সভাপতি-সাধারণ সম্পাদকের বিভিন্ন অনিয়ম, চাঁদাবাজি, সিট বাণিজ্য ও হল দখল নিয়ে গণমাধ্যমে সাক্ষাৎকার দেন জান্নাতুল। সাক্ষাৎকার দেওয়ার দুদিন পর শনিবার (২৪ সেপ্টেম্বর) রাত ১১টার দিকে হল থেকে বের করে দেওয়ার হুমকি দেন শাখা ছাত্রলীগ সভাপতি-সাধারণ সম্পাদকের অনুসারীরা। এ সময় তাঁকে হেনস্তা ও মারধর করারও অভিযোগ ওঠে। বর্তমানে জান্নাতুলকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।



ইডেন মহিলা কলেজ ছাত্রলীগের সভাপতি তামান্না জেসমিন রিভা ও সাধারণ সম্পাদক রাজিয়া সুলতানা

এদিকে জান্নাতুলকে মারধর করে বের করে দেওয়া নিয়ে ইডেন ক্যাম্পাসে উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। শনিবার দিবাগত রাতে ইডেন কলেজ ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক পক্ষে বিপক্ষে মিছিল চলছে বলে জানা গেছে।

এ বিষয়ে জানতে তামান্না জেসমিন রিভা ও রাজিয়া সুলাতানাকে একাধিকবার ফোন দেওয়া হলেও তারা রিসিভ করেননি। রাজিয়া বেগম ছাত্রীনিবাসের প্রাধ্যক্ষ নারগিস রুমা ও কলেজের অধ্যক্ষ সুপ্রিয়া ভট্টাচার্যকে একাধিকবার ফোন দেওয়া হলে তারাও ফোন রিসিভ করেননি।



ইডেন সরকারি মহিলা কলেজ

বিতর্কিত কর্মকাণ্ডের জন্য সম্প্রতি আলোচনা-সমালোচনার মধ্যে রয়েছে রাজধানীর ইডেন সরকারি মহিলা কলেজ শাখা ছাত্রলীগ। বিশেষ করে শিক্ষার্থী নির্যাতনের ঘটনায় কলেজ ছাত্রলীগের সভাপতি তামান্না জেসমিন রিভাকে নিয়ে চলছে তুমুল বিতর্ক। তিনি রয়েছেন সমালোচনার কেন্দ্রবিন্দুতে। তবে এতে যেন তাঁর কিছুই যায় আসে না।

ছাত্রলীগের কর্মসূচিতে না যাওয়ায় শিক্ষার্থীদের আবাসিক হলের কক্ষ থেকে বের করে দেওয়ার হুমকি দেন। অকথ্য ভাষায় গালাগাল ও হুমকি দেওয়ার একটি অডিও ফাঁস হলে তা

বিভিন্ন গণমাধ্যমে খবর প্রচার হয়। যদিও পরে এ নিয়ে ক্ষমা চান তিনি। এর চার দিন পর সভাপতি বিরুদ্ধে দুই ছাত্রীকে বিবস্ত্র করে ভিডিও ভাইরাল করার হুমকি দেওয়ার অভিযোগ ওঠেছে।